

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০১২

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفيء) পরিচ্ছেদঃ ১৬৩. মক্কা বিজয় সম্পর্কে।

باب مَا جَاءَ فِي خَبَرِ مَكَّةَ

আরবী

বাংলা

৩০১২. মুহাম্মদ ইবন আমর (রহঃ) ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন (মক্কা বিজয়ের সময়) 'মাররা-যাহরান' নামক স্থানে অবস্থান করছিলেন, তখন আমার মনে হয়, আল্লাহ্র শপথ! যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের (কুরায়শদের) শাস্তি প্রস্তাবের আগে, তাঁর বাহিনীসহ জাের পূর্বক মক্কায় প্রবেশ করেন, তবে সমস্ত কুরাইশ ধ্বংস হয়ে যাবে। অতঃপর আমি রাসূলুল্লাহ



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খচ্চরের পিঠে সওয়ার হয়ে রওয়ানা হই। এ সময় আমি এরূপ ধারণা করি যে, সম্ভবত আমার সংগে মক্কার কোন লোকের সাক্ষাৎ হয়ে যাবে। তখন আমি তাকে বলবঃ সে যেন তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অবস্থান সম্পর্কে জানিয়ে দেয়, যাতে তারা তাঁর নিকট হাযির হয়ে নিরাপত্তার আবেদন করতে পারে।

আমি যখন এরূপ মনে করে যাচ্ছিলাম, তখন হঠাৎ আমি আবূ সুফইয়ান ও বুদায়ল ইবন ওয়ারাকার কথোপকথন শুনতে পাই। তখন আমি বলিঃ হে আবূ হানযালা! (আবূ সুফয়ানের কুনিয়াত)! তখন সে আমার কণ্ঠস্বর চিনতে পেরে বলেঃ আবূল ফযল নাকি? এটি আব্বাস (রাঃ)-এর কুনিয়াত। তখন আমি বলিঃ হ্যাঁ। তখন সে বলেঃ আমার মাতাপিতা আপনার জন্য কুরবানী হোক, অবশেষে ব্যাপার কি? তখন আমি বলিঃ এই তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এবং অন্যান্য লোকেরা। তখন সে (আবূ সুফইয়ান) জিজ্ঞাসা করেঃ এখন বাঁচার জন্য বাহানা কি? তিনি (ইবন আব্বাস) বলেনঃ তখন সে (আবূ সুফইয়ান) আমার বাহনের পশ্চাতে আরোহণ করে এবং তাঁর সাথী (বুদায়ল) ফিরে যায়।

পরদিন সকালে আমি তাঁকে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাযির হই। তখন আমি বিলঃ ইয়া রাসূলাল্লাহা আবূ সুফইয়ান এমন এক ব্যক্তি যে নেতৃত্বের গৌরব পছন্দ করে। কাজেই তাঁর জন্য গৌরবজনক কিছু করুন। তিনি বলেনঃ ঠিক আছে, যে ব্যক্তি আবূ সুফয়ানের ঘরে প্রবেশ করবে, সে নিরাপদ। আর যে ব্যক্তি নিজের ঘরের দরজা বন্ধ করে থাকবে, সে-ও নিরাপদ, আর যে মাসজিদুল হারামে প্রবেশ করবে, সে-ও নিরাপদ।

রাবী বলেনঃ এ ঘোষনা শোনার পর লোকেরা তাদের ঘরে এবং মসজিদে আশ্রয় গ্রহণ করে।

English

Narrated Abdullah Ibn Abbas:

When the Prophet (ﷺ) alighted at Marr az-Zahran, al-Abbas said: I thought, I swear by Allah, if the Messenger of Allah (ﷺ) enters Mecca with the army by force before the Quraysh come to him and seek protection from him, it will be their total ruin. So I rode on the mule of the Messenger of Allah (ﷺ) and thought, Perhaps I may find a man coming for his needs who will to the people of Mecca and inform them of the position of the Messenger of Allah (ﷺ), so that they may come to him and seek protection from him. While I was on my way, I heard AbuSufyan and Budayl ibn Warqa' speaking.

I said: O AbuHanzalah! He recognized my voice and said: AbulFadl? I replied: Yes. He said: who is with you, may my parents be a sacrifice for you? I said: Here are the Messenger of Allah (**) and his people (with him).



He asked: Which is the way out? He said: He rode behind me, and his companion returned. When the morning came, I brought him to the Messenger of Allah (ﷺ) and he embraced Islam.

I said: Messenger of Allah, AbuSufyan is a man who likes this pride, do something for him. He said: Yes, he who enters the house of AbuSufyan is safe; he who closes the door upon him is safe; and he who enters the mosque is safe. The people scattered to their houses and in the mosque.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন